



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : ic@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd



স্মারক নং : চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৩৬৩৪ (২)

তারিখ : ১৮/১০/২০২৬ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সর্বশেষ ৩য় ধাপে আবেদনের সিডিউল প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং-২২৭/ক/শিম/২০১২ (কলেজ)/১৬৪৩, তারিখ: ১৭/১০/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সর্বশেষ ৩য় ধাপের ভর্তি প্রক্রিয়া নিম্নে বর্ণিত ছক অনুসারে নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<https://xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের শিক্ষাপ্রতিষ্ঠানে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি প্রতিষ্ঠানে আবেদন করতে হবে।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ৩য় ধাপকে সর্বশেষ ধাপ বলে গণ্য করা হবে। অতএব সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের অত্যন্ত সতর্কতার সাথে সর্বশেষ এ ধাপে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। সঠিকভাবে আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য, পূর্বে নিশ্চায়নকৃত শিক্ষার্থীগণ এ ধাপে আবেদন করতে চাইলে আগামী ২৭/১০/২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) স্ব স্ব বোর্ডে গিয়ে পূর্বের নিশ্চায়ন বাতিল করতে হবে।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে সর্বশেষ ৩য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;
- ৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে সর্বশেষ ৩য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি সংক্রান্ত সিডিউল:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৩য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৬/১০/২০২৬ (সোমবার) থেকে ২৭/১০/২০২৬ (মঙ্গলবার) রাত ৮:০০টা পর্যন্ত)
২	৩য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	৩০/১০/২০২৬ (শুক্রবার) রাত ৮:০০ টা)
৩	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ৩১/১০/২০২৬ (শনিবার) রাত ৮:০০ টা পর্যন্ত)
৪	পছন্দক্রম অনুযায়ী শুধুমাত্র ৩য় ধাপে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফল প্রকাশ	০১/১১/২০২৬ (রবিবার) রাত ৮:০০ টা)
৫	ভর্তি	০২/১১/২০২৬ (সোমবার) থেকে ০৩/১১/২০২৬ (মঙ্গলবার)

বিঃ দ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ২য় ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি সর্বশেষ ৩য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। সর্বশেষ ৩য় ধাপে আবেদনে কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করতে হবে। ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়া এবং সিলেকশনপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।



(প্রফেসর ড. মোহাম্মদ হুসেইন আলম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।

বিতরণ :

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের

